**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 24-11-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর:–

১) রাজ্যে SIR প্রক্রিয়ায় প্রতিটি জেলাতেই সন্তোষজনকভাবে কাজ এগিয়ে চলেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন।

SIR-এর কাজে সার্ভার সমস্যা মেটাতে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর একটি বিশেষ অ্যাপ চালু করেছে।

২) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে মানুষকে রাজনৈতিক মহলের একাংশ ভুল বোঝাচ্ছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

৩) এস আই আর-এর কাজে নির্বাচন কমিশনের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের একবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি পাঠিয়েছেন।

# এস আই আর সুষ্ঠু ভাবে পরিচালনার ক্ষেত্রে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের মতো বিরোধী দলগুলি বিভিন্ন রাজ্যে বাধা সৃষ্টির চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৪) বিশিষ্ট বলিউড অভিনেতা ধর্মেন্দ্র প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া। দীর্ঘ রোগভোগের পর আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বর্ষীয়ান এই অভিনেতা। বয়স হয়েছিল ৮৯ বছর।

৫) হাওড়ার উলুবেড়িয়ার বহিরা এলাকায় আজ বিকেলে একটি পুলকার নিয়ন্ত্রণ হারিয়ে পুকুরে পড়ে গেলে তিন পড়ুয়ার মৃত্যু হয়েছে।

oooooooooooooooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম পূরণ ও সংগ্রহের শেষ পর্বে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আজ জরুরি বৈঠক বসেন। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট আধিকারিক ও সমস্ত এজেন্সি।

বৈঠকের পর সাংবাদিকদের সামনে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, ভোটার সংখ্যার সঙ্গে সামঞ্জস্য রেখে ভোট কেন্দ্রগুলির নতুন করে বিন্যাস করা হবে। বিশেষ অ্যাপের মাধ্যমে সরাসরি নির্বাচন কমিশনের কাছে ভোটার সংক্রান্ত যাবতীয় তথ্য পৌঁছে যাচ্ছে বলেও শ্রী আগরওয়াল জানিয়েছেন।

(বাইট – আগরওয়াল)

তিনি আরো জানান, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR কাজের জন্য সবচেয়ে এগিয়ে রয়েছে পূর্ব বর্ধমান জেলা। এর পরেই রয়েছে আলিপুরদুয়ার, উত্তর দিনাজ পুর, মালদা, এবং পূর্ব মেদিনীপুর। এই জেলা গুলি তথ্য ডিজিটাইজেশনের কাজে সবচেয়ে এগিয়ে আছে। তবে অন্যান্য সব জেলা তেই এই কাজ সন্তোষ জনক ভাবে চলছে বলে তিনি জানান।

ooooooooooooooooooooooooooooooo

বিএলওদের কাজের সময়সীমা বাড়ানো, উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া সহ একাধিক দাবিতে সোমবার রাজ্যের মুখ্য নির্বাচনি আধিকারিকের (সিইও) দফতরে ধর্নায় বসলেন বুথ লেভেল অফিসারদের একাংশ। নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে অভিযোগ তুলে এলেন কলেজ স্কোয়ার থেকে সিইও অফিস পর্যন্ত মিছিল করে বিএলও অধিকার রক্ষা কমিটি। মুখ্য নির্বাচনি আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের কাছে তাঁরা স্মারকলিপি জমা দিতে যান। তবে তাঁদের অভিযোগ, দীর্ঘক্ষণ বসিয়ে রাখলেও মুখ্য

নির্বাচনী আধিকারিক তাদের সঙ্গে দেখা করেননি। পুলিশ দিয়ে তাঁদের দপ্তরের বাইরে বার করে দেওয়া হয়। এরপর তারা দপ্তরের বাইরে বসে বিক্ষোভ দেখাতে থাকেন।

অন্যদিকে মুখ্য নির্বাচনী আধিকারিকের বক্তব্য, তিনি ব্যস্ত থাকায় অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস তাঁদের সময় দিয়েছিলেন। কিন্তু আন্দোলনকারীরা তাঁর কাছে স্মারকলিপি দিতে রাজি হননি। মুখ্য নির্বাচনী আধিকারিকের দাবি, আন্দোলনকারীদের মধ্যে মাত্র চারজন বিএলও ছিলেন।

oooooooooooooooooooooooooooooo

SIR-এর কাজে সার্ভার সমস্যা মেটাতে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর একটি বিশেষ অ্যাপ চালু করেছে। কোন এলাকায় সার্ভার কাজ করছে না এখন থেকে তা সরাসরি জানাতে পারবেন DEO-রা। অভিযোগ পেলেই অ্যাপের সঙ্গে যুক্ত ৮-টি টেলিকম সংস্থার কর্তা ব্যক্তি এবং সিইও অফিসের আধিকারিকরা দ্রুত ব্যবস্থা নিতে পারবেন। সংশ্লিষ্ট টেলিকম সংস্থাগুলির সঙ্গে আয়োজিত এক বৈঠকে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল স্পষ্ট জানিয়েছেন, সার্ভার সমস্যার নামে অভিযোগ ফেলে রাখা যাবে না। একই সঙ্গে এন্যুমারেশন ফর্ম সংক্রান্ত কাজ নির্দিষ্ট সময়ের আগে শেষ করলে বিএলওদের শংসাপত্র এবং আর্থিক পুরস্কার দেওয়া হবে বলেও জানানো হয়েছে।

oooooooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে মানুষকে ভুল বোঝানো হচ্ছে ও সামাজিক বিভাজন চেষ্টা করা হচ্ছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগনার স্বরূপ নগরের হাকিমপুর সীমান্ত পরিদর্শনের পর আজ তিনি বলেন, এই অঞ্চলের মানুষের সঙ্গে কথা বলে তিনি বুঝতে পেরেছেন এসআইআর নিয়ে যে আতঙ্কের কথা বলা হচ্ছে তা সত্য নয়। একাংশের রাজনৈতিক নেতা এই

নিয়ে আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা করছেন। যাতে সমাজের ভারসাম্য বিঘ্নিত হয় - এই চেষ্টা কখনো বরদাস্ত করা হবে না বলে তিনি স্পষ্ট জানিয়েছেন।

(বাইট)

রাজ্যপাল এদিন হাকিমপুর সীমান্ত পরিদর্শনের পাশাপাশি বিএসএফের কর্তাদের সঙ্গেও কথা বলেন । স্থানীয় মানুষের সমস্যা সমাধানের ব্যাপারেও তিনি আশ্বাস দেন।

oooooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর-এর কাজে নির্বাচন কমিশনের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের একবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি পাঠিয়েছে। এস আই আর-এর অধীনে ডেটা এন্ট্রি কাজের জন্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে, চুক্তি ভিত্তিক DEO বা বাংলা সহায়ক কেন্দ্রের কর্মীদের এই কাজে ব্যবহার করা যাবে না। টেন্ডার ডেকে এক বছরের জন্য ১ হাজার DEO এবং ৫০ জন সফ্টওয়ার ডেভলপার নিয়োগের প্রস্তাব দেওয়া হয়। এই সিদ্ধান্তের বিরোধিতা করেই আজ মুখ্যমন্ত্রী চিঠি দিয়েছেন। একই সঙ্গে সরকারী ও আধা সরকারী ভবনের পরিবর্তে বে-সরকারী আবাসন চত্ত্বরে ভোট কেন্দ্র তৈরির সিদ্ধান্তেরও সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী। নির্বাচন কমিশনের মর্যাদা স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা ও নিরপেক্ষ ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে বিষয় দুটি পুনর্বিবেচনার জন্য চিঠিতে আবেদন জানিয়েছেন তিনি।

ooooooooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর সুষ্ঠু ভাবে পরিচালনার ক্ষেত্রে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের মতো বিরোধী দলগুলি বিভিন্ন রাজ্যে বাধা সৃষ্টির চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ অভিযোগ করেছে। দলের মুখপাত্র

সুধাংশু ত্রিবেদি আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, দেশে অবাধ, স্বচ্ছ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করার জন্যে
এস আই আর জরুরি।

বুথ লেভেল আধিকারিক বি এল ও দের নিয়ে কংগ্রেস নেতা , ঝাড়খণ্ডের মন্ত্রী ইরফান আনসারির বিতর্কিত মন্তব্য সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে শ্রী ত্রিবেদি, এই ধরণের মন্তব্য নিয়ে কেন কোন সমালোচনা হবেনা – সেই প্রশ্ন তোলেন।
অন্যদিকে , পশ্চিমবঙ্গে বুথ স্তরের এক এজেন্ট বি এল এর, বুথ লেভেল আধিকারিক বি এল ও কে হুমকির অভিযোগ প্রসঙ্গে বিজেপি মুখপাত্র বলেন, ওই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি বারবার এস আই আর নিয়ে প্ররোচনামূলক বিবৃতি দিচ্ছেন, যা এই ধরনের কাজে আরও ইন্ধন যোগাচ্ছে ।

ooooooooooooooooooooooooooooooo

IFFI ও বাংলা সিনেমা শীর্ষক বিশেষ আলোচনা শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। পরিচালক রাম কমল মুখার্জির সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

ooooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে। আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

ooooooooooooooooooo

বিশিষ্ট বলিউড অভিনেতা ধর্মেন্দ্র প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া। দীর্ঘ রোগভোগের পর আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বর্ষীয়ান এই অভিনেতা। বয়স

হয়েছিল ৮৯ বছর। গত কয়েকদিন ধরেই অবস্থার অবনতি হচ্ছিল তাঁর। বেশ কয়েকবার অভিনেতার মৃত্যু নিয়ে রটে জল্পনাও।

১৯৬০ সালে দিল ভি তেরা – হামভি-তেরে সিনেমার মধ্যে দিয়ে শুরু করে দীর্ঘ ৬০ বছরের অভিনয় জীবনে করেছেন অসংখ্য ছবিতে অভিনয়। শোলে, চুপকে চুপকে, ফুল অর পাত্থর, ইয়াদোকি বরাত, ড্রিম গার্ল থেকে শুরু করে লাইফ ইন এ মেট্রো, ইয়ামলা পাগলা দিওয়ানাতে নিজের অভিনয়ের স্বাক্ষর রেখেছেন তিনি। ২০২৪ সালেও রকি অউর রানী কি প্রেম কাহানিতে মুগ্ধ করেছেন দর্শককে। হিন্দি সিনেমার এই সুদর্শন নায়ক র মৃত্যুতে ভারতীয় সিনেমায় এক যুগের অবসান হলো। মুম্বাইয়ের পবন হংস শ্মশানে আজই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। উপস্থিত ছিলেন, স্ত্রী হেমা মালিনী, কন্যা এশা, পুত্র সানি ও ববি দেওল সহ পরিবার ও অভিনয় জগতের বিশিষ্টরা।

অভিনেতার মৃত্যুতে তাঁকেই স্মরণ করে আকাশবানী সংবাদের একটি শ্রদ্ধার্ঘ্য।

(ক্যাপসুল- অভিজিৎ দা)

এদিকে, ধর্মেন্দ্রর প্রয়াণে শোক জ্ঞাপন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার উলুবেড়িয়ার বহিরা এলাকায় আজ বিকেলে একটি পুলকার নিয়ন্ত্রণ হারিয়ে পুকুরে পড়ে গেলে তিন পড়ুয়ার মৃত্যু হয়েছে। এদের বয়স ৫ থেকে ১০ বছরের মধ্যে। জগদীশপুরের একটি প্রাথমিক স্কুল থেকে ছুটির পর পুলকারটি পাঁচ শিশু পড়ুয়াকে নিয়ে ফেরার সময় এই বিপত্তি ঘটে। তড়িঘড়ি উদ্ধার কাজ শুরু হলেও ঘটনাস্থলে তিন পড়ুয়া প্রাণ হারান। গুরুতর আহত আরও দুই শিশুর হাসপাতালে চিকিৎসা চলছে। পুলকারের চালককে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। যান্ত্রিক ত্রুটি না অন্য কারণে এই দুর্ঘটনা, পুলিশ তা খতিয়ে দেখছে।

oooooooooooooooooooooooooooooooo

মালদা জেলার মোথাবাড়ি এলাকার বাঙিটোলা গ্রামীণ হাসপাতালের বর্হিবিভাগ থেকে এক সদ্যোজাতকে চুরির অভিযোগ উঠেছে। আজ দুপুরে, শ্বাসকষ্ট জনিত সমস্যার কারনে চিকিৎসার জন্য তাকে নিয়ে হাসপাতালে যান তার মা, মোথাবাড়ির পঞ্চানন্দপুরের বাসিন্দা মনিকা বিবি। সেই সময় ঐ শিশুকন্যাকে কোলে নেওয়ার অছিলায় অজ্ঞাত পরিচয় এক মহিলা তাকে নিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ। ঘটনার তদন্ত শুরু করেছে মোথাবাড়ি থানার পুলিশ।

oooooooooooooooooooooooooooooo